

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.১৮.০০৮.১৮.৩০৯

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০

০২ নভেম্বর ২০২৩

বিষয়: ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-এর শাখা ক্যাম্পাস সংযুক্ত আরব আমিরাতে এর দুবাই এ স্থাপন ও পরিচালনার বিষয়ে অনাপত্তি প্রদান সংক্রান্ত।

সূত্র: ১। ইউজিসির পত্র নং-৩৭.০১.০০০০.১৩০.৪১.০০৪.২০.১৩৮৬; তারিখ: ০১ অক্টোবর, ২০২৩।

২। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-এর ২৩ মে ২০২৩ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, আশুলিয়া, ঢাকা-এর শাখা ক্যাম্পাস সংযুক্ত আরব আমিরাতে এর দুবাই শহরে পরিচালনার বিষয়ে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে অনাপত্তি প্রদান করা হলো:

১. বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৪ (৬) অনুসারে বিশ্ববিদ্যালয়ের তহবিল বা উহার কোন অংশ দেশের বাইরে প্রেরণ করতে হলে আবশ্যিকভাবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদন গ্রহণ করতে হবে;
২. এতদসংক্রান্ত সরকারের সকল আর্থিক বিধি বিধানসহ অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে;
৩. বিশ্ববিদ্যালয়ের দুবাই শাখা ক্যাম্পাসের কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন প্রতি বছর ৩১ ডিসেম্বরের মধ্যে এ বিভাগ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে দাখিল করতে হবে।

২-১১-২০২৩

মোঃ ফরহাদ হোসেন

উপসচিব

ফোন: ৫৫১০০৫০৯

ইমেইল:

private.univ1@shed.gov.bd

চেয়ারম্যান,
বোর্ড অব ট্রাস্টিজ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল
ইউনিভার্সিটি, ড্যাফোডিল স্মার্ট সিটি, আশুলিয়া, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.১৮.০০৮.১৮.৩০৯/১(৭)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০

০২ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) যুগ্মসচিব, বিশ্ববিদ্যালয়-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



২-১১-২০২৩

মোঃ ফরহাদ হোসেন

উপসচিব